

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ এপ্রিল ২০২২

আবদুল জাব্বারের বলিখেলা উপলক্ষ্যে আগামীকাল থেকে বৈশাখী মেলা শুরু বলিখেলার ট্রফি ও জার্সির মোড়ক উন্মোচন করলেন সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রামের ঐতিহ্যবাহী শতবর্ষী উর্ধ্বের লোকায়িত ঐতিহ্য আবদুল জাব্বার সওদাগরের বলিখেলা দেশপ্রেম ও স্বাদেশীকতা চেতনাকে সমন্বিত রাখে। আবদুল জাব্বার সওদাগর বিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনে যুব সমাজকে সম্পৃক্ত করতে একশততের বছর আগে ঐতিহ্যবাহী এই বলিখেলার সূচনা করে। কালের বিবর্তে এই বলিখেলা বৈশাখী মেলা হিসেবে পরিচিতি অর্জন করেছে। আজ শনিবার সকালে লালদীঘি পাড়স্থ আবদুল জাব্বারের বলিখেলা ও বৈশাখী মেলা কার্যালয়ে বলিখেলার ট্রফি ও জার্সির মোড়ক উন্মোচনকালে প্রধান অতিথির বক্তব্যে মেয়র একথা বলেন।

আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বলিখেলা ও মেলা কমিটির সহসভাপতি ও চট্টগ্রাম প্রেস ক্লাবের সাধারণ সম্পাদ চৌধুরী ফরিদ, সাধারণ সম্পাদক শওকত আনোয়ার বাদল, সংরক্ষিত কাউন্সিলর রুমকি সেনগুপ্ত ও মো. চঞ্চল প্রমুখ।

মো.রেজাউল করিম চৌধুরী আরো বলেন, আবদুল জাব্বারের বলিখেলার সাথে আমাদের লোকায়িত সংস্কৃতির ঐতিহ্য ও স্বাদেশীকতার যোগসূত্র রয়েছে। বিগত দু' বছর কোরনা অতিমারির থাবায় বলিখেলা অনুষ্ঠিত হয়নি। এবার করোনা পরিস্থিতি অনেকটা নিয়ন্ত্রণে থাকায় লালদীঘি মাঠের বিকল্প স্থানে চট্টগ্রাম বাসীর আঞ্জাকা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন আবদুল জাব্বারের বলিখেলা আয়োজনে দায়িত্ব গ্রহণ করেছে। তাই আমি রমজানের পবিত্রতা রক্ষা করে বলিখেলা ও মেলা যাতে সফলভাবে সম্পন্ন হয় সে ব্যাপারে সকলের সহযোগিতা প্রত্যাশা করি। পরে মেয়র বলিখেলার ট্রফি ও জার্সির মোড়ক উন্মোচন করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩